**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06–10–2023**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যে ২০৩০ সালের মধ্যে পুন:নর্বীকরনযোগ্য ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে। জানিয়েছেন বিদ্যুৎমন্ত্রী ।**

**(২) ভারতীয় সেনাবাহিনী উত্তর সিকিমে আটকে থাকা অসামরিক নাগরিক ও পর্যটকদের খাদ্য, চিকিৎসা সহ সব ধরনের সহায়তা প্রদান করছে ।**

**(৩) মেলাঘরের রাজঘাটে তিন দিনব্যাপী নীরমহল জল উৎসব আজ থেকে শুরু হয়েছে ।**

**(৪) রাজ্যের চার জেলায় ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর ।**

*****************************************

**Power Minister :**

রাজ্যে ২০৩০ সালের মধ্যে পুন:নর্বীকরনযোগ্য ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে। বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ নয়াদিল্লি থেকে রাজ্যে ফিরে আজ মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, রাজ্যের সামান্য

পরিমান জল বিদ্যুৎ ব্যতিত আর সবই তাপ বিদ্যুৎ। প্রাকৃতিক গ্যাস নির্ভর এই বিদ্যুৎ কেন্দ্রগুলোতেও আগামী ২৫ থেকে ৩০ বছরের মধ্যে গ্যাসের সংকট দেখা দিতে পারে। এই কারনেই পুন:নর্বীকরনযোগ্য ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে। তিনি জানান, গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় বিদ্যুৎমন্ত্রী আর কে সিং উত্তর পুর্বাঞ্চলের রাজ্যগুলোর রাজ্যের বিদ্যুৎমন্ত্রী ও বিদ্যুৎ সচিবদের নিয়ে এক বৈঠক করেন। তিনি বলেন, ডম্বুরে ১৫০ মেগাওয়াট ক্ষমতার ফ্লটিং সোলার প্ল্যান্ট করা হবে। এছাড়া সমস্ত সরকারী বাড়ির ছাদে ও ব্যক্তি গত বাড়ির ছাদে রুফটপ সোলার প্যানেল বসানো হবে। জল সেচ, পানীয় জল সরবরাহেও সৌর বিদ্যুৎ ব্যবহার করা হবে। কেন্দ্রীয় সরকার ভর্তুকীতে আরও সোলার ল্যাম্প সরবরাহ করবে বলে তিনি জানান। তিনি জানান, রাজ্যের মনু, দেও, মুহুরি, খোয়াই নদীতে কম ক্ষমতার জল বিদ্যুৎ কেন্দ্র স্থাপনেরও পরিকল্পনা রয়েছে।

*****************************

**CM Boxanagar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বক্সনগরে বিজেপি'র এক সম্বর্ধনা সভায় যোগ দেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার উন্নয়নের মাধ্যমেই মানুষের আস্থা অর্জন করছে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক তফাজ্জ্বল হোসেন, বি.জে.পি'র রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, সাধারণ সম্পাদিকা পাপিয়া দত্ত সহ অন্যান্য নেতৃবৃন্দ।

*****************************

**Millet :**

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক আজ দিল্লির ছাওয়ালায় বিএসএফ ক্যাম্পে মিলেট ফার্মার প্রডিউসার অর্গানাইজেশনস এর একটি প্রদর্শনীর আয়োজন করেছে। আধাসামরিক কর্মীদের মধ্যে মিলেটের প্রচার করা এবং FPO দ্বারা ঘরে উৎপাদিত বিভিন্ন বাজরা পণ্যগুলির সঙ্গে তাদের পরিচিত করানোই এই প্রদর্শনীর উদ্দেশ্য।

প্রদর্শনীর উদ্বোধন করেন কৃষি ও কৃষক কল্যাণ বিভাগের অতিরিক্ত সচিব ফৈয়াজ আহমেদ কিদওয়াই। তিনি বলেন যে এই প্রদর্শনীতে অংশগ্রহনকারী ৩৪টি বাজরা কৃষক উৎপাদক সংঠন দেশের মিলেট আন্দোলনে আরও গতিসঞ্চার করেছে।

*************************

**Sikkim flood :**

সিকিমে, বিধ্বংসী আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২১ এ। রাজ্যের দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ জানিয়েছে ২৬ জন আহত হয়েছেন এবং সেনা কর্মী সহ ১১৮ জন নিখোঁজ রয়েছেন।

রাজ্যের মুখ্য সচিব ভিবি পাঠক গতকাল তাশিলিং সেক্রেটারিয়েটে চেম্বার অফ কমার্স, পাইকারি খুচরা বিক্রেতা, ফার্মাসি অ্যাসোসিয়েশন, আইওসি প্রতিনিধি, এলপিজি ডিলার এবং ডিস্ট্রিবিউটর, পেট্রোল পাম্প মালিক এবং ট্যাক্সি ড্রাইভার অ্যাসোসিয়েশনের প্রতিনিধিদের সঙ্গে একাধিক বৈঠক করেন।

মুখ্য সচিব NHIDCLকে যত তাড়াতাড়ি সম্ভব লাভা এবং রেশি চেকপোস্টের মাধ্যমে ছোট এবং ভারী যানবাহনের জন্য রুট খুলে দেওয়ার নির্দেশ দিয়েছেন।

অত্যাবশ্যকীয় পণ্যের দাম অপরিবর্তিত রাখতে, রাজ্য সরকার রংপো, রেশি এবং মেলি চেকপোস্টের মাধ্যমে প্রয়োজনীয় পণ্য বহনকারী ব্যক্তিগত যানবাহনের বিশেষ শুল্ক মুকুব করার এবং কিছু কিছু ক্ষেত্রে ভর্তুকি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

রংপো এবং গ্যাংটকের মধ্যে সংযোগ পুনরুদ্ধার করার জন্য, NHIDCL এর উদ্যোগে দিনরাত কাজ চলছে।

নিখোঁজ ভারতীয় সেনাদের সন্ধান অব্যাহত রয়েছে। ভারতীয় সেনাবাহিনী খাদ্য, চিকিৎসা সহায়তা এবং উত্তর সিকিমে আটকে থাকা অসামরিক নাগরিক ও পর্যটকদের যোগাযোগ সুবিধার ক্ষেত্রে সহায়তা প্রদান করছে।

ইতিমধ্যে, ত্রিশক্তি কর্পস ভারতীয় সেনাবাহিনীর সৈন্যরা লাচেন, চাটেন, লাচুং এবং চুংথাং এলাকায় ১,৪৭১ জন পর্যটককে আবহাওয়া অনুকূল থাকলে, হেলিকপ্টারে অন্যত্র সরিয়ে নেওয়ার উদ্যোগ নিয়েছে।

**************************

**Rigorous Imprisonment :**

দিব্যাঙ্গজন এক নাবালিকাকে ধর্ষণের দায়ে কৈলাশহরের ছনতৈল এলাকার মহম্মদ আলিকে কুড়ি বছরের সশ্রম কারাদন্ড ও পঁচিশ হাজার টাকা জরিমানার আদেশ দিয়েছেন, কৈলাশহরে পকসো'র বিশেষ আদালত।

বিশেষ জজ তথা ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা ও দায়রা জজ অমরেন্দ্র কুমার সিং আজ এই রায় দেন।

উল্লেখ্য যে, গত ২০২১ সালের চৌদ্দই মার্চ এই অপরাধের ঘটনা ঘটেছিল।

এই মামলায় সরকার পক্ষে মোট একুশজন সাক্ষ্য দেন।

সরকার পক্ষে মামলাটি পরিচালনা করেন, স্পেশাল পাবলিক প্রসিকিউটর সুনির্মল দেব।

*****************************

**Congress :**

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে আজ আগরতলা শহরে এক বিক্ষোভ কর্মসূচির আয়োজন করা হয়। এতে বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা ও বিধায়ক সুদীপ রায় বর্মন। তারা বিজেপি দলের সমালোচনা করেন।

********************************

**CPIM Protest Rally :**

জোলাইবাড়ির সাঁচিরাম বাড়িতে আজ সিপিআইএমের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় রাজ্য বামফ্রন্টের আহ্বায়ক নারায়ন কর, ও প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী পণ্য সামগ্রীর মূল্য বৃদ্ধির প্রতিবাদ জানিয়ে বক্তব্য রাখেন।

********************************

**Neermahal Festival :**

মেলাঘরের রাজঘাটে তিন দিনব্যাপী নীরমহল জল উৎসব আজ থেকে শুরু হয়েছে। পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ বিকেলে এই উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী বলেন, আগামীদিনে রাজ্যের পর্যটনকে বিশ্ব দরবারে তুলে ধরতে রাজ্য সরকার আন্তরিকভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। রাজ্যে পর্যটকের সংখ্যা বাড়ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক কিশোর বর্মন, নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন জহরলাল ঘোষ, সিপাহীজলার জেলা শাসক ডক্টর বিশাল কুমার প্রমুখ।

***************************

**Pratima bhowmik :**

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক আজ সেকেন্দ্রাবাদে ন্যাশনাল ইনস্টিটিউট ফর এমপাওয়ারমেন্ট অফ পার্সনস উইথ ডিসএবিলিটিস ইন্টেলেকচুয়াল এবিলিটিস পরিদর্শনে যান। সেখানে তিনি দিব্যাঙ্গ শিশু এবং সেরিব্রাল পালসিতে আক্রান্ত ব্যক্তিদের সঙ্গে দেখা করেন। এছাড়া দিব্যাঙ্গ শিশুদের মধ্যে প্রয়োজনীয় সামগ্রীও বিতরণ করেন।

*****************************

**G-20 :**

নবম G-20 সংসদীয় অধ্যক্ষ সম্মেলন, P-20 এই মাসের ১৩ ও ১৪ তারিখ নতুনদিল্লিতে অনুষ্ঠিত হবে। G-20-এর মধ্যে, (P20) হল G-20 দেশগুলির অধ্যক্ষদের নেতৃত্বে একটি এনগেজমেন্ট গ্রুপ এবং এটির লক্ষ্য বৈশ্বিক শাসনে সংসদীয় মাত্রা আনা। P-20 এর মূল বিষয় হল, এক পৃথিবী, এক পরিবার, এক

ভবিষ্যতের জন্য সংসদ। আজ নতুনদিল্লিতে এই শীর্ষ সম্মেলন সম্পর্কে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সংবাদ মাধ্যমকে বলেন, ২৫ জন অধ্যক্ষ, ১০ জন উপাধ্যক্ষ এবং ৫০ জন সাংসদ সহ অন্যান্যরা এই বৈশ্বিক অনুষ্ঠানে অংশ নেবেন। তিনি বলেন যে প্যান আফ্রিকান সংসদের অধ্যক্ষ ভারতে প্রথমবারের মতো G-20'র সম্মেলনে অংশ নেবেন। তিনি জানান, এই শীর্ষ সম্মেলনে জলবায়ু পরিবর্তন নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনার পাশাপাশি স্বাস্থ্য, শিক্ষা, কৃষি ও জ্বালানি সংক্রান্ত বিষয় নিয়েও আলোচনা হবে।

*****************************

**Sudhangsu Das :**

গোর্খাবস্তীস্থিত প্রাণী সম্পদ বিকাশ দপ্তরে আজ প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাশের পৌরোহিত্যে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে গত তিন মাসে রাজ্যে দুধ, ডিম ও মাংসের উৎপাদনের পারিসংখ্যান সহ দপ্তরের পরিকাঠামোগত উন্নয়ন, বিভিন্ন সমস্যার সমাধানের বিষয় নিয়ে পর্যালোচনা করা হয়। এছাড়া আগামী তিন মাসের কাজের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। মন্ত্রী শ্রী দাস সাংবাদিকদের জানান, রাজ্যে দুধ ও ডিমের চাহিদা ও যোগানের মধ্যে কিছু ফারাক রয়েছে। কিন্তু মাংসের চাহিদা অনুযায়ী যোগানে রাজ্য স্বয়ংসম্পূর্ণ। মন্ত্রী বলেন দপ্তরের লক্ষ্যমাত্রা হলো প্রাণীদের সুস্বাস্থ্যদের দিকে নজর দেওয়ার সঙ্গে সঙ্গে প্রাণীভিত্তিক খাদ্যের অভাব পূর্ণ করা। পাশাপাশি এই ক্ষেত্রটিকে সামনে রেখে রাজ্যের যুবক যুবতিদের আত্মনির্ভর করে তোলার দিকেও সরকার পরিকল্পনা করেছে বলে তিনি জানান। বৈঠকে মন্ত্রী ছাড়া দপ্তরের বিভিন্ন আধিকারিকরা উপস্থিত ছিলেন।

****************************

**Anondomyee kalibari :**

সেকেরকোট সংলগ্ন চৌমুহনি বাজারস্থিত আনন্দময়ী কালীবাড়িতে আশ্রমের প্রতিষ্ঠাতা গায়েত্রী দেবীর প্রথম মৃত্যুবার্ষিকী আজ পালিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিচারপতি অরিন্দম লোধ, আইন সচিব বিশ্বজিৎ পালিত সহ অন্যান্য বিশিষ্টজনেরা। এই উপলক্ষে এলাকার দুস্থ মহিলাদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। এছাড়া বৃক্ষরোপন সহ এলাকার ছাত্রছাত্রীদের মধ্যে লেখাপড়ার সামগ্রী প্রদান করা হয়।

***************************

**Super League :**

টিএফএ পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতার সুপার ফোরের তৃতীয় খেলাটি আজ ৭৬ মিনিট পর্যন্ত হওয়ার পর আলোর অভাবে বন্ধ হয়ে যায়। রামকৃষ্ণ ক্লাব ও ফরোয়ার্ড ক্লাবের মধ্যে এই ম্যাচটি ছিল। উমাকান্ত মিনি স্টেডিয়ামে খেলা বন্ধ হওয়ার সময় মোসেস লালরিন জোয়ালার গোলে ফরোয়ার্ড ক্লাব এগিয়ে ছিল। অসমাপ্ত ম্যাচের বাকী ১৪ মিনিটের খেলা আগামীকাল সকাল ৮টায় হবে। টিএফএ থেকে এখবর জানানো হয়।

****************************

**Jolaibari Football :**

জোলাইবাড়ি ফুটবল এসোসিয়েশন আয়োজিত শ্যামাপ্রসাদ মুখার্জী স্মৃতি নকআউট ফুটবল টুর্নামেন্টের চতুর্থ কোয়াটার ফাইনাল ম্যাচে অল হিরো ফুটবল একাদশ জয়লাভ করে সেমি ফাইনালে

উঠেছে। আজ জোলাইবাড়ি দ্বাদশ স্কুল মাঠে অল হিরো ফুটবল একাদশ ৫-০ গোলে কার্মীপাড়া একাদশকে পরাজিত করে।

********************************

**Weather :**

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে রাজ্যেও বৃষ্টি হচ্ছে। আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, উত্তর পূর্বাঞ্চলে নিম্নচাপ আরও ঘণীভূত হয়েছে। এর প্রভাবে রাজ্যের সব কয়টি জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টি পাত হচ্ছে। আজ সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলা বিমান বন্দর এলাকায় বৃষ্টি হয়েছে এগার দশমিক দুই মিলিমিটার। পশ্চিম জেলা, খোয়াই জেলা, উনকোটি ও উত্তর জেলার কোথাও কোথাও ভারি বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ত্রিশ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সাতাশ দশমিক নয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস।

********************************